

প্রি-পেইড কলিং কার্ড (PCC) সার্ভিস

বাংলাদেশ টেলিকমিউনিকেশন্স কোম্পানী লিমিটেড (বিটিসিএল) এর প্রি-পেইড কলিং কার্ড এর মাধ্যমে বিটিসিএল এর ফিক্সড টেলিফোন ব্যবহার করে সারাদেশ থেকে ISD, ইকোনমি আই.এস.ডি (E-ISD), NWD এবং মোবাইল ফোনে কল করা যাবে। এই কার্ডের মাধ্যমে ফ্যাক্স ও করা যাবে। এই সকল কলের জন্য বিটিসিএল এর প্রচলিত কল-রেট প্রযোজ্য হবে। সারাদেশে কার্ড বিপণনের জন্য আকর্ষণীয় কমিশনে **Virtual Dealership** এ আর্থহী বিক্রেতা / ব্যবসায়ীদেরকে দি সিটি ব্যাংক লিঃ ও ঢাকা ব্যাংক লিঃ এ যোগাযোগ করতে অনুরোধ করা যাচ্ছে। কার্ডের অপর পার্শ্বে কার্ড ব্যবহারের নিয়মাবলী বর্ণিত আছে।



প্রি-পেইড কলিং কার্ডের ব্যবহার বিধি:

- (১) যে কোন বিটিসিএল ফিক্সড টেলিফোন থেকে '০১০২০১' নম্বরে ডায়াল করুন।
- (২) বাংলা ভাষায় নির্দেশনা শুনার জন্য '১' এবং ইংরেজীর জন্য '২' ডায়াল করুন।
- (৩) নির্দেশনা অনুযায়ী আপনার কার্ডের পিছনে মুদ্রিত ৮ ডিজিটের **কার্ড নম্বর** ও ৬ ডিজিটের গোপন **PIN নম্বর** ডায়াল করুন।
- (৪) তারপর নিম্নরূপ আইএসডি, ই-আইএসডি বা এনডব্লিউডি কোড সহ কাঙ্ক্ষিত নম্বরে ডায়াল করুন এবং # চাপুন।

ISD কলের ক্ষেত্রে :	০০	+	কান্ট্রি কোড; (যেমনঃ সৌদি আরব - ৯৬৬)	+	এরিয়া কোড সহ নম্বর
E-ISD কলের ক্ষেত্রে :	০১২	+	কান্ট্রি কোড; (যেমনঃ ইতালি - ৩৯)	+	এরিয়া কোড সহ নম্বর
NWD কলের ক্ষেত্রে :	এরিয়া কোড; (যেমনঃ চট্টগ্রাম - ০৩১)			+	লোকাল ফোন নম্বর

- (৫) কার্ড প্রথম এন্টিভেট করার পর ২০০ টাকার কার্ডের কার্যকর মেয়াদ ৯০ দিন ও ৫০০ টাকার কার্ডের কার্যকর মেয়াদ ১৮০ দিন। **প্রতিবার কল করার জন্য উপরোক্ত নিয়ম (১-৩) অনুসরণ করুন এবং মেয়াদ শেষ না হওয়া পর্যন্ত প্রি-পেইড কলিং কার্ডটি সংরক্ষণ করুন।**
- (৬) সকল কলের জন্য বিটিসিএল এর প্রচলিত কল-রেটের উপর সরকার কর্তৃক নির্ধারিত ভ্যাট (VAT) প্রযোজ্য।
- (৭) কার্ডের কার্যকর মেয়াদ শেষ হওয়ার পূর্বেই ব্যবহৃত কার্ডের অবশিষ্ট ব্যালেন্স টাকা আরেকটি নতুন কার্ডে ট্রান্সফার করতে পারবেন। এক্ষেত্রে নতুন কার্ড এর কার্ড নম্বর ও পিন নম্বরের সাহায্যে সিস্টেমে প্রবেশ করে ১৫# চেপে নির্দেশনা অনুযায়ী পুরাতন কার্ডের কার্ড নম্বর, পিন নম্বর প্রবেশ করাতে হবে। তখন নতুন কার্ডের ব্যালেন্স এর সাথে পুরাতন কার্ডের ব্যালেন্স যোগ হবে। কোন কার্ডের মেয়াদকাল (৯০ বা ১৮০ দিন) শেষ হওয়ার পূর্বেই অবশিষ্ট ব্যালেন্স অন্য কার্ডে ট্রান্সফার করতে হবে। কোন কার্ডের মেয়াদকাল শেষ হয়ে গেলে কোন ভাবেই ঐ কার্ডের ব্যালেন্স পুনরুদ্ধার করা সম্ভব হবে না।
- (৮) আপনার কার্ডের **ব্যালেন্স জানতে** উপরে বর্ণিত (১) নং থেকে (৩) নং পর্যন্ত ডায়াল করার পরে **"১১#" , কার্ডের PIN নম্বর পরিবর্তন করতে চাইলে "১২#" , নতুন কার্ডে ব্যালেন্স ট্রান্সফার করতে "১৫#" , এবং কার্ডের শেষ মেয়াদকাল জানতে "২০#" ডায়াল করুন।**

প্রি-পেইড কলিং কার্ড ব্যবহারের সুবিধা :

- ☛ যে সকল বিটিসিএল গ্রাহকের টেলিফোনে আইএসডি বা এনডব্লিউডি সুবিধা নেই তারা প্রি-পেইড কলিং কার্ড ব্যবহারের মাধ্যমে উক্ত সুবিধা প্রাপ্ত হবেন।
- ☛ এমনকি যাদের টেলিফোন সংযোগ নেই তারাও অন্য কোন বিটিসিএল টেলিফোন ব্যবহার করে, প্রি-পেইড কার্ড এর মাধ্যমে আইএসডি, ই-আইএসডি ও এনডব্লিউডি কল করার সুবিধা পেতে পারেন। সেক্ষেত্রে সংশ্লিষ্ট টেলিফোনের বিপরীতে উক্ত কলের জন্য কোন প্রকার বিল হবে না, বরং কার্ড থেকে কল-চার্জ সমন্বয় হবে।
- ☛ এই কার্ডের মাধ্যমে বিটিসিএল Premium Dial-up Internet ব্যবহার করা সম্ভব। ব্যবহার পদ্ধতি সম্পর্কে বিস্তারিত পরবর্তী পাতায় দেখুন।

প্রি-পেইড কলিং কার্ড প্রাপ্তিস্থান :

- ☛ দেশের সকল ডাকঘরসমূহে, দি সিটি ব্যাংক ও ঢাকা ব্যাংক এর সকল শাখায় এবং বেসিক ব্যাংক এর রমনা, গুলশান ও শেরেবাংলাগর বিল-কালেকশন বুথ সমূহে ২০০ ও ৫০০ টাকা মূল্যমানের প্রি-পেইড কলিং কার্ড পাওয়া যাচ্ছে।

বিশ্বের প্রায় সকল দেশের ISD কোড, কল-রেট এবং ৫৫টি E-ISD (উপরে ৪নং এ বর্ণিত) সুবিধাভুক্ত দেশের নাম, কান্ট্রি-কোড এবং ফিক্সড ফোন ও মোবাইল ফোনে কল-রেট এর জন্য www.btcl.gov.bd এর হোম পেজে **Rates** লিংকটি ব্রাউজ করুন।

* বিটিসিএল এর প্রি-পেইড টেলিফোন (PPT) গ্রাহকগণ তাদের টেলিফোন একাউন্ট রিচার্জের জন্য এই কার্ড ব্যবহার করবেন।

* বর্তমানে বাজারে প্রাপ্ত সকল বিটিসিএল প্রি-পেইড কার্ডের Expiry Date ৩১শে ডিসেম্বর, ২০২০ইং পর্যন্ত বর্ধিত করা হয়েছে। অর্থাৎ কোন কার্ডের মাধ্যমে কখনও প্রি-পেইড সিস্টেমে প্রবেশ না করলে ঐ কার্ডটি ৩১শে ডিসেম্বর, ২০২০ পর্যন্ত ব্যবহার করা যাবে। ব্যবহৃত কার্ডের জন্য মেয়াদকাল ৯০ দিন (২০০/-) বা ১৮০ দিন (৫০০/-) হবে।

